



PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2nd Avenue (4th floor), New York, NY 10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmny@gmail.com
Web site: www.un.int/bangladesh

প্রেস রিলিজ

জাতিসংঘের ৬৩তম সিএসডব্লিউ অধিবেশনে বাংলাদেশ ডেলিগেশনের যোগদান

প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে লিঙ্গ-সমতা ও নারীর ক্ষমতায়নে বাংলাদেশের অভূতপূর্ব অর্জনের কথা তুলে ধরলেন শিক্ষা উপ-মন্ত্রী মহিবুল হাসান চৌধুরী

নিউইয়র্ক ১১ মার্চ ২০১৯:

আজ জাতিসংঘের কমিশন অন দ্যা স্টাটাস অব উইমেন (সিএসডব্লিউ) এর চলতি ৬৩তম অধিবেশনের অংশ হিসেবে বাংলাদেশ ও ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার এর যৌথ আয়োজনে ‘নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের অগ্রগতি পরিমাপ’ শীর্ষক সাইড ইভেন্টে প্যানেলিস্ট হিসেবে প্রদত্ত বক্তব্যে শিক্ষা উপ-মন্ত্রী মহিবুল হাসান চৌধুরী প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে লিঙ্গ-সমতা ও নারীর ক্ষমতায়নে বাংলাদেশের অভূতপূর্ব অর্জনের কথা তুলে ধরলেন। ইভেন্টটির সহ-আয়োজক ছিল নামিবিয়া, রুয়ান্ডা ও ইউকেএইড।

উপ-মন্ত্রী বলেন, “আমাদের জাতীয় জীবনে লিঙ্গ সমতার বীজ বপন করে গেছেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। জাতির পিতার পদাঙ্ক অনুসরণ করে তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় উন্নয়ন অগ্রযাত্রার কেন্দ্রবিন্দুতে নারীর ক্ষমতায়নকে স্থাপন করেছেন। সফল ও দীর্ঘমেয়াদী নারী নেতৃত্বের এক অনন্য উদাহরণ প্রধানমন্ত্রী শেখ হাসিনা, যিনি এসডিজি ও এমডিজি উভয়ই গৃহীত হবার সময় উপস্থিত ছিলেন”।

বাংলাদেশ গৃহীত সকল জাতীয় পরিকল্পনা, উন্নয়ন নীতি ও কর্মসূচি লিঙ্গ সংবেদনশীল যেখানে নারীর সমান অবদান ও অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে এবং যাতে ‘কেউ পিছনে পড়ে না থাকে’ সে দিকে লক্ষ্য রেখে সরকার প্রান্তিক ও দুঃস্থ নারীদের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় এনেছে মর্মে এ সভায় উল্লেখ করেন তিনি।

এ সভায় ‘২০১০-২০২১ পর্যন্ত প্রণীত ‘প্রেক্ষিত পরিকল্পনায়’ নারী উদ্যোক্তাদের সক্ষমতা বিনির্মাণ বিষয়টিকে অন্তর্ভুক্তকরণ’; নারী উন্নয়ন নীতিমালা ২০১১ প্রণয়ন; কর্মক্ষেত্রে নারী ও পুরুষের সমমজুরি প্রদান; অতিক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পপ্রতিষ্ঠানের মাধ্যমে নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন; নারী উদ্যোক্তাদের জামানত বিহীন ঋণ সুবিধাসহ আলাদা ব্যাংকিং সুবিধা প্রদান; নারী চেম্বার অব কর্মসূচি ও ব্যবসায়ী সংগঠনের সক্ষমতা বিনির্মাণে বিনিয়োগ; নারী উদ্যোক্তা ও এসএমই পণ্য মেলার আয়োজন এবং কারিগরি প্রশিক্ষণ, বাজার ব্যবস্থাপনা ও অন্যান্য দক্ষতা বিনির্মাণ পদক্ষেপ উন্নয়নসহ নারীর ক্ষমতায়নে বর্তমান সরকার গৃহীত ও বাস্তবায়িত বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন শিক্ষা উপ-মন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।

উপমন্ত্রী বলেন, বাংলাদেশের ৩৫% নারীর ব্যাংক একাউন্ট রয়েছে যা দক্ষিণ এশিয়ার গড় হারের চেয়ে বেশি। এছাড়া নারী উন্নয়নসহ এসডিজির সকল অগ্রগতির পরিমাপে সরকার গৃহীত এসডিজি ট্রাকারের কথাও উল্লেখ করেন তিনি।

এর আগে “সামাজিক সুরক্ষা, জনসেবা এবং টেকসই অবকাঠামোসহ বিভিন্ন সেক্টর ও পর্যায়ে নারীর অংশগ্রহণ বৃদ্ধি কার্যক্রম” শীর্ষক আরও একটি সাইড ইভেন্টে যোগ দেন উপ-মন্ত্রী। এখানেও তিনি নারীর ক্ষমতায়নে চ্যাম্পিয়ন প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিভিন্ন পদক্ষেপ এবং জাতীয় সংসদ, সরকারি প্রতিষ্ঠান ও জাতিসংঘ শান্তিরক্ষা কর্মসূচিসহ দেশে-বিদেশে বাংলাদেশের নারীদের অদম্য অগ্রযাত্রার কথা তুলে ধরেন।

দিনব্যাপী বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণের পাশাপাশি তিনি ইরানের একটি সংসদীয় প্রতিনিধিদলের সাথে বৈঠক করেন। এ বৈঠকে উভয় প্রতিনিধিদল নারীর ক্ষমতায়নে স্ব স্ব দেশের পদক্ষেপ, অগ্রগতি ও ধারণা তুলে ধরেন।

এদিকে সকালে সিএসডব্লিউ’র উদ্বোধন অনুষ্ঠানে শিক্ষা উপ-মন্ত্রী মহিবুল হাসান চৌধুরীর নেতৃত্বে যোগ দেন বাংলাদেশ প্রতিনিধিদল। ৬৩তম সিএসডব্লিউ-এর বিভিন্ন ইভেন্টে যোগদানকৃত বাংলাদেশ প্রতিনিধিদলের মধ্যে আরও রয়েছেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মিজ্জ কামরুন্নাহার, ক্যাবিনেট ডিভিশনের সমন্বয় ও সংস্কার বিষয়ক সচিব ড. মো: শামসুল আরেফিন, বৈদেশিক কল্যাণ ও কর্মসংস্থান বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মিজ্জ রওনাক জাহান ও মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক মিজ্জ বদরুল্লাহ।

জাতিসংঘের কমিশন অব দ্যা স্টাটাস অব উইমেন (সিএসডব্লিউ) এর চলতি ৬৩তম অধিবেশন আগামী ২২ মার্চ পর্যন্ত চলবে।
